29

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JUL 1987
পৃষ্ঠা ৪ কলাম ৭

## শিক্ষাক্ষেত্রে কম্পিউটার জটিলতা

কম্পিউটারের জটিলতার কারণে আমাদের দেশের হাজার হাজার ছাত্র এখন বিপাকে পড়িয়াছে। এই বৎসরের এইচ এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র কম্পিউটার পদ্ধতির বদৌলতে অসংখ্য ভুলে ভরা। কাহারো প্রবেশপত্রে পিতার নাম ভুল আবার কাহারো নিজের নামই ভুল। যাহার ৪র্থ বিষয় নাই তাহার প্রবেশপত্রে ৪র্থ বিষয় উল্লেখ রহিয়াছে। আবার কাহারো ৪র্থ বিষয়ের জায়গায় চলিয়া গিয়াছে মূল বিষয় আর মূল বিষয়ের জায়গায় চলিয়া গিয়াছে ৪র্থ বিষয়। এইজন্য দায়ী কম্পিউটার নাকি কম্পিউটার চালক"? বিগত বৎসরগুলিতে যখন কম্পিউটার ছিল না তখনতো ছাত্ররা এ রকম ভুলের শিকার হয় নাই। কেহ ভালো পরীক্ষা দিয়া কম্পিউটারের কারণেই রেজাল্ট খারাপ করিতেছে কম্পিউটার ব্যবহার হইতেছে পরীক্ষা পদ্ধতিকে সহজীকরণের জন্য অথচ তাহার বিপরীত চিত্র দেখা যাইতেছে কম্পিউটারের ভুলে মাসুল দিতেছে নিরীহ ছাত্ররা। এমতাবস্থায় কম্পিউটার পদ্ধতি বাতিল করা হোক। অথবা এমন ব্যবস্থা নেওয়া হোক যাহাতে অন্যের ভুলের খেসারত যেন ছাত্রদের না দিতে হয়। সে জন্য কার্যকর ব্যবস্থা নেওয়া উচিত বলিয়া মনে করি। এ ব্যাপারে সংশ্লিষ্ট সচেতন মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ আনোয়ার হোসেন (রঁতন), গ্রাম ও ডাক: ধীরাশ্রম, জয়দেবপুর, গাজীপুর।